



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd



স্মারক নং ওএম-৩৭সি-২(অংশ-১)/০৭/৫৬৯

তারিখ: ২১/০৬/২০২০

বিজ্ঞপ্তি

সরকারি কলেজ/টিচার্স ট্রেনিং কলেজ/ আলিয়া মাদ্রাসার সম্মানিত অধ্যক্ষ/ বি.সি.এস. (সাধারণ শিক্ষা) ক্যাডার কর্মরত আছেন এমন প্রতিষ্ঠান প্রধানদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বি.সি.এস. (সাধারণ শিক্ষা) ক্যাডার কর্মকর্তাগণের পদোন্নতি ও অন্যান্য কার্যক্রম চলমান থাকায় সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তাদের পিডিএস, বিষয়ভিত্তিক সৃষ্ট ও শূন্য পদ, সংযুক্ত/ইনসিটু পদের বিপরীতে কর্মরত কর্মকর্তাদের তথ্য হালনাগাদ থাকা জরুরী। কর্মকর্তাগণের পিডিএস হালনাগাদ না থাকায় মন্ত্রণালয় ও অধিদপ্তর থেকে চলমান বিভিন্ন কার্যক্রম সম্পাদনে জটিলতা দেখা দেয়।

এমতাবস্থায়, আগামী ৩০/০৬/২০২০ তারিখের মধ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান তাঁর প্রতিষ্ঠানের কর্মকর্তাগণের পিডিএস হালনাগাদ করণের ক্ষেত্রে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন এবং প্রতিষ্ঠানের বিষয়ভিত্তিক সৃষ্ট ও শূন্যপদ, সংযুক্ত/ইনসিটু পদের বিপরীতে কর্মরত কর্মকর্তাদের তথ্য হালনাগাদ করবেন। তথ্য হালনাগাদ করা না হলে সৃষ্ট যে কোন জটিলতার জন্য প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন।

বিষয়টি অতীব জরুরি।

নির্দেশিকা : ওয়ের সাইট : www.emis.gov.bd

User Name : কর্মকর্তার ক্ষেত্রে মাউশি কর্তৃক ৮/১১ ডিজিট ক্যাডার আইডি এবং প্রতিষ্ঠানের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের EIIN ডিফল্ট পাসওয়ার্ড : কর্মকর্তার ক্ষেত্রে ১৭০৩১৯২০ এবং প্রতিষ্ঠানের ক্ষেত্রে ২৬০৩১৯৭১

ড. শাহ মো: আমির আলী
উপপরিচালক (কলেজ-১)
ফোন: ৯৫৫৮৫০৫

অনুলিপি ও প্রয়োজনীয় কার্যার্থে:

- ১। পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
- ২। অধ্যক্ষ/উপাধ্যক্ষ/সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান (সকল)
- ৩। অধ্যক্ষ/ প্রতিষ্ঠান প্রধান, সকল সরকারি কলেজ/মাদ্রাসা-ই-আলিয়া/ সরকারি শিক্ষক প্রশিক্ষণ কলেজ/ এনসিটিবি/ সকল বোর্ড/ ডিআইএ/ নায়েম/ এইচএসটিটিআই/বিএমটিটিআই এবং সংশ্লিষ্ট সকল অফিস প্রধানকে তাঁর দপ্তরে কর্মরত বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডার কর্মকর্তাগণ-কে বিষয়টি অবহিতকরণের অনুরোধসহ
- ৪। সংরক্ষণ নথি